যুগান্তর

26 APR 2008

# আমেরিকার কলেজ-বিশ্ববিদ্যালয়ে মারাত্মক আসন সংকট

এনা, *নিউইয়র্ক থেকে*

আমেরিকার সেরা বিশ্ববিদ্যালয় ও কলেজগুলোতে ভর্তির ক্ষেত্রে মারাত্মক সংকট দেখা দিয়েছে। যাবতীয় যোগ্যতা থাকা সত্ত্বেও এবার ৯০ শতাংশেরও বেশি ছেলে-মেয়ে কাঙ্ক্ষিত ভার্সিটি/কলেজে ভর্তি হতে পারেনি। উদাহরণ হিসেবে বোস্টনের হার্ভার্ড কলেজের নাম উল্লেখ করা যায়। ২৭ হাজার ৪৬২ জন মেধাবী ছাত্রছাত্রী এ কলেজে ভর্তির আবেদন করেছিলেন। মোট আবেদনের মাত্র ৭ দশমিক ১ শতাংশ সুযোগ পান, অর্থাৎ প্রতি ১০০ জনের মধ্যে ৯৩ জনের আবেদনই নাকচ করা হয়। এদের অনেকেরই সর্বোচ্চ যোগ্যতা ছিল। এমনকি এসএটিতেও ভালো রেজাল্ট প্রদর্শনে সক্ষম হন তারা। একই ঘটনা ঘটেছে ইয়েল কলেজেও। ২২ হাজার ৮১৩ জন ভর্তির আবেদন করেন। সুযোগ পান মাত্র ৮ দশমিক ৩ শতাংশ। সংশ্লিষ্ট কলেজ সূত্রে এ তথ্য প্রকাশ করা হয়। কলম্বিয়া কলেজ ৮ দশমিক ৭ শতাংশ; ব্রাউন ইউনিভার্সিটি ১৩ শতাংশ, ডার্টমাউথ কলেজ ১৩ শতাংশ, বোডইন কলেজ ১৮ শতাংশ, জর্জটাউন ইউনিভার্সিটি ১৮ শতাংশকে ভর্তির সুযোগ দিয়েছে। হার্ভার্ড কলেজের ভর্তি এবং ফাইন্যান্সিয়াল এইড সংক্রান্ত ডিন উইলিয়াম আর ফিটজসাইমন্স বলেছেন, আমরা যাদের ভর্তির সুযোগ দিয়েছি তারা খুবই ভালো। কিন্তু যাদের দিতে পারিনি তারাও যোগ্যতাসম্পন্ন ছিলেন।